ঝালকাঠিতে অবৈধ বালু উত্তোলনে ভ্রাম্যমান আদালতে জরিমানা

ঝালকাঠির নলছিটিতে অবৈধভাবে বালু উত্তলনের দায়ে ভ্রাম্যমান আদালতে জমি মালিককে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়েছে। বৃহস্পতিবার দুপুরে নলছিটি উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাখাওয়াত হোসেনের নেতৃত্বে উপজেলা প্রশাসনের একটি দল সেখানে অভিযান পরিচালনা করে।
এ বিষয় ভ্রাম্যমান আদালতের বিজ্ঞ বিচারক উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সাখাওয়াত হোসেন জানান, গোপন সংবাদের ভিত্তিতে একটি ডোবায় ড্রেজার বসিয়ে অবৈধভাবে বালু উত্তোলনের খবর পেয়ে ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালনা করে ঘটনা স্থলে গিয়ে জমির মালিককে ডেকে বালুমহল ও মাটি ব্যবস্থা আইন ২০১০ আনুযায়ী জমি মালিককে আর্থিক ভাবে ৫০ হাজার টাকা জরিমানা করা হয়। ভবিষ্যতে আর কখনও এধরনের কার্যক্রমে সম্পৃক্ত হবেননা বলে মুচলেকা রেখে ছেড়ে দেয়া হয়েছে। তবে অভিযানস্থলে ড্রেজার মালিক পক্ষের কাউকে পাওয়া যায়নি।